" শেখ হাসিনার উদ্যোগ- ঘরে ঘরে বিদ্যুৎ"


ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও।

Telephone: 0561-53571
E-mail : thkpbs@gmail.com
Website : www.pbs.thakurgaon.gov.bd


স্মারক নং ২৭.১২.৯৪৯৪.৫৭২.২১৪.০৬.১৮. ১০২৮ তারিখ ঃ ১৮/০২/২০১৮ ইং।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগের নিমিত্তে ইতিপূর্বে পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে সন্তোষজনকভাবে কর্মসম্পাদন করেছেন এমন আগ্রহী প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|
| মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | স্কেল- ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- টাকা এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি। | কিছু সংখ্যক | (ক) এসএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৫২ বছরের মধ্যে হতে হবে।<br>(গ) অত্র সমিতির ভৌগোলিক এলাকায় বসবাসরত প্রার্থী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন। প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে ও চালনায় পারদর্শী হতে হবে।<br>(ঘ) প্রার্থীকে প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশ গ্রহন করতে হবে।<br>(ঙ) সমিতির সাথে চুক্তির সময় নিরাপত্তা জামানত বাবদ ৫০০০/- জমা দিতে হবে।<br>(চ) আবেদনকারীকে গানিতিক হিসাব-নিকাশে পারদর্শী এবং সৎ, বিশ্বস্থ, ব্যক্তিত্ব সম্পন্ন ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। | বান্দরবন,বগুড়া, জয়পুরহাট, দিনাজপুর, ঠাকুরগাও, পঞ্চগড়, সিরাজগঞ্জ,রাজশাহী,নবাবগঞ্জ,রংপুর, গাইবান্ধা, লালমনিরহাট, কুড়িগ্রাম, নীলফামারী, মেহেরপুর, ঝালকাঠি। |

অন্যান্য শর্তাবলীঃ

০১। উল্লিখিত পদে নিয়োগ লাভে আগ্রহী পল্লী বিদ্যুৎ সমিতির প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জারগনকে ঠাকুরগাও পল্লী সমিতির ওয়েব সাইট **www.pbs.thakurgaon.gov.bd** হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২,ভর্সিন-০১) **A-4** সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পুরন করে আগামী ০৭/০৩/২০১৮ ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাও এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরন করতে হবে। সাদা কাগজে/টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থীকে ইতিপূর্বে পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার পদে ০৩ (তিন), ০৬ (ছয়) ও ০৯ (নয়) বৎসর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনকারী হিসেবে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

০৩। ওয়েব সাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অভিজ্ঞতার সনদপত্র, অন্যান্য সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি, সাম্প্রতিক কালের তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ, স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়্যারম্যান/সিটি কর্পোরেশনের মেয়রের নিকট হতে চারিত্রিক সনদপত্র সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। সকল সনদ নাম, পদবী সীলসহ পরিচিতি নম্বরধারী ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৪। আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫২ বৎসরের মধ্যে হবে। বয়স প্রমাণের জন্য এসএসসি পাশের সনদ বিবেচনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেফিট গ্রহণযোগ্য নয়।

০৫। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমুল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশান রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উর্ত্তীর্ণ হওয়ায় পর ন্যুনতম ০১(এক) টি কর্মদিবসের ব্যবধানে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা যাবে। এভাবে সর্বোচ্চ ০৩ মেয়াদে (৩+৩+৩) মোট ০৯ (নয়) বৎসর চাকুরীতে বহাল রাখা হবে এবং কর্মকালীন সময়ের মধ্যে প্রার্থীর বয়স ৫৫ (পঞ্চান্ন) বৎসর পূর্ণ হলে চুক্তির পরিসমাপ্তি হবে।

" শেখ হাসিনার উদ্যোগ- ঘরে ঘরে বিদ্যুৎ"

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
Telephone: 0561-53571
E-mail : thkpbs@gmail.com
Website : www.pbs.thakurgaon.gov.bd

০৬। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী-স্ত্রীদের কেউ আবেদন করতে পারবেন না।

০৭। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা ও জেলা কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

০৮। নিয়োগ প্রক্রিয়াধীন অবস্থায় কোন জেলার কোটা পূর্ণ হলে উক্ত জেলা কোটা বিবেচনা করা হবে না। এমনকি পূরণকৃত জেলার প্রার্থীর আবেদন পত্র বিবেচনা করা হবে না।

০৯। ইতোপূর্বে অন্য কোন সংস্থা অথবা পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতিরেকে তাৎক্ষনিকভাবে চাকুরী হতে বরখাস্ত করা হবে।

১০। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানার ভূল তথ্য দিয়ে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে দেশের প্রচলিত আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অব্যশই শিক্ষাগত ও অন্যান্য সনদ পত্রের মূল কপি প্রদর্শণ করতে হবে।

১২। অসম্পূর্ণ/ভূল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

(মোঃ ইনছের আলী)
জেনারেল ম্যানেজার
ঠাকুরগাও পবিস।

অনুলিপি ঃ (সদয় অবগতির জন্য)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০১। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মঃ ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল/পূর্বাঞ্চল/কেন্দ্রীয়ঞ্চল/দক্ষিনাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার,ঠাকুরগাও।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার--------------------------------পবিস-১/২/৩/৪।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঠাকুরগাও।
০৭। ডেপুটি জেনারেল ম্যানেজার কারিগরী/পঞ্চগড়/পীরগঞ্জ জোনাল অফিস,ঠাপবিস।
০৮। এজিএম (ওএন্ডএম), বোদা/রানীশংকৈল সাব-জোনাল অফিস, ঠাপবিস।
০৯। এজিএম (ওএন্ডএম/অর্থ/সদস্য সেবা),ঠাপবিস।
১০। সহঃ জুনিয়র ইঞ্জিঃ (আইটি-১/২) (ওয়েব সাইডে-এ প্রকাশের জন্য)।
১১। নোটিশ বোর্ড, ঠাপবিস।

জেনারেল ম্যানেজার
ঠাকুরগাও পবিস।